দৈনিক ইত্তেফাক

তারিখ ... 1 4 FEB 2009
পৃষ্ঠা ... ২৭ ... কলাম ... ২ ...

# প্রথম বারের মতো অনুষ্ঠিত হতে চলেছে দিনাজপুর শিক্ষাবোর্ডের অধীনে এসএসসি পরীক্ষা

॥ রংপুর সংবাদদাতা ॥

আগামী রবিবার থেকে শুরু এসএসসি পরীক্ষায় এই প্রথমবারের মতো দিনাজপুর শিক্ষাবোর্ডের অধীনে অংশ নিতে যাচ্ছে পরীক্ষার্থীরা। নতুন শিক্ষা বোর্ডের অধীনে এই প্রথমবারের মতো রংপুরের ৫ জেলাসহ বৃহত্তর রংপুর-দিনাজপুর অঞ্চলের ৮ জেলার ২ হাজার ৩২৭টি স্কুলের মোট ১ লাখ ২ হাজার ৬৮৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। ৯২টি কেন্দ্রের মাধ্যমে এসএসসি পরীক্ষা অনুষ্ঠানের সকল প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। এই বোর্ডের অধীনে বিজ্ঞান বিভাগে ৩৫ হাজার ৪৫৩ জন, মানবিক বিভাগে ৬১ হাজার ৪৮১ জন এবং ব্যবসায় শিক্ষা বিভাগে ৫ হাজার ৭৫৩ জন পরীক্ষার্থী রয়েছে। প্রত্যেক কেন্দ্রে পরীক্ষা পরিচালনার জন্য একটি করে কেন্দ্র কমিটি গঠনসহ স্থানীয় কলেজ শিক্ষকদের নিয়ে ৮০টি ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। এ ব্যাপারে দিনাজপুর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর ড. মোহাম্মদ সানাউল্লাহ'র সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার সকল প্রস্তুতি সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। জেলাগুলো হলো, ঠাকুরগাঁও, পঞ্চগড়, দিনাজপুর, রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা ও লালমনিরহাট।